বনবস্তিবাসীর পাশে দাঁড়ালেন বিমল গুরুং

শিলিগুড়ি, ১৬ মে ঃ সেবক-রংপো রেল প্রকল্পে ক্ষতির মুখে পড়ার আশঙ্কায় বন অধিকার আইন-২০০৬ কার্যকর করার দাবিতে আন্দোলনে নেমেছেন সংশ্লিষ্ট এলাকার বনবস্তিবাসীরা। এবার কার্যত তাঁদের পাশেই দাঁড়ালেন বিমল গুরুং। বনবস্তিবাসীদের সুরক্ষার জন্য বিমল দার্জিলিংয়ের সাংসদ সুরিন্দর সিং আলুওয়ালিয়ার মাধ্যমে চিঠি পাঠিয়েছেন রেলমন্ত্রী পীযূষ গোয়েলকে। চিঠিতে বিমল জাতীয় সুরক্ষার কথা, এখানকার প্রাকৃতিক ভারসাম্য, বৈচিত্র্যের কথা তুলে ধরার পাশাপাশি বন অধিকার আইন রাজ্য সরকার কার্যকর করেনি বলেও অভিযোগ করেছেন। ওই আইন কার্যকর না হওয়ায় প্রকল্পটি হলে ২৪টি বনবস্তির প্রায় ৪০ হাজার মানুষ ক্ষতির মুখে পড়বেন বলে তিনি আশঙ্কা প্রকাশ করেছেন । প্রকল্পটির ক্ষেত্রে ইতিমধ্যেই নো অবজেকশন সার্টিফিকেট দিয়েছে গোর্খাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন বা জিটিএ। বিমলের অভিযোগ, ২০১৭ সালে জিটিএ ভেঙে গিয়েছে। বর্তমানে অবৈধভাবে তা চলছে। তাই এনওসি দেওয়ার কোনো অধিকার নেই জিটিএ-র। তা দিতে পারে একমাত্র গ্রামসভা। কিন্তু ২০০৫ সালের পর থেকে পঞ্চায়েত নির্বাচন না হওয়ায় গ্রামসভাও নেই।

খবরের জেরে স্কুলে জলের সমস্যা মিটতে চলেছে

ফাঁসিদেওয়া, ১৬ মে ঃ স্কুলে জলের সমস্যা নিয়ে উত্তরবঙ্গ সংবাদে খবর বের হওয়ার পর নড়েচড়ে বসল ফাঁসিদেওয়া ব্লক প্রশাসন। বুধবার স্কুলে এসে ডিপ টিউবওয়েলের সমস্যাটি খতিয়ে দেখে গিয়েছে বিডিও অফিসের এক প্রতিনিধিদল। প্রতিনিধিদলটির তরফে দ্রুত জলের সমস্যাটি মিটিয়ে দেওয়ার আশ্বাস দেওয়া হয়েছে। এদিকে, মঙ্গলবার জল সমস্যাটি খতিয়ে দেখা হয়েছে জালাস নিজামতারা গ্রাম পঞ্চায়েত কর্তৃপক্ষের তরফেও। পঞ্চায়েত দপ্তরে স্কুলকে একটি আবেদনপত্র জমা দিতে বলা হয়েছে। দ্রুত নলকূপ বসিয়ে জলের সমস্যা মিটিয়ে দেওয়া হবে বলে তারাও স্কুলকে আশ্বস্ত করেছে। দীর্ঘ কয়েকবছর ধরে জলের সমস্যা চললেও ব্লক প্রশাসন এতদিন উদ্যোগী না হওয়ায় সমস্যায় পড়েছিল রূপণদিঘি প্রাথমিক স্কুলের পড়ুয়ারা। বুধবার সমস্যাটি নিয়ে প্রতিবেদন প্রকাশিত হয় উত্তরবঙ্গ সংবাদে। এরপরেই সমস্যা সমাধানে নড়েচড়ে বসে ব্লক প্রশাসন।

খড়িবাড়ি হাইস্কুলে প্ল্যাটিনাম জুবিলি উৎসব আগামী বছর

খড়িবাড়ি, ১৬ মে ঃ প্ল্যাটিনাম জুবিলি উৎসব পালনের উদ্যোগ নিল খড়িবাড়ি হাইস্কুল। এই উৎসব পালন হবে আগামী বছর ২০১৯ সালে। বুধবার স্কুলের প্রাক্তন ছাত্রছাত্রীদের নিয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। উদ্‌যাপন কমিটির আহ্বায়ক দিলীপকুমার রায় ও প্রধান শিক্ষক অশোক নাথ জানান, ১৯৪৫ সালে খড়িবাড়ি হাইস্কুল প্রতিষ্ঠিত হয়। আগামী ২০১৯ সাল গোটা বছর ধরে বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে স্কুলের প্ল্যাটিনাম জুবিলি উৎসব পালনের পরিকল্পনা করা হয়েছে। ২০১৯ সালে জানুয়ারি মাসের প্রথম দিকে প্ল্যাটিনাম জুবিলি উদ্‌যাপনের উদ্‌বোধনের পরিকল্পনা রয়েছে।

কৃতীকে সংবর্ধনা দিল তৃণমূল কংগ্রেস

বাগডোগরা, ১৬ মে ঃ আইসিএসই পরীক্ষায় ৯৮ শতাংশ নম্বর পাওয়া অভিষেক চক্রবর্তীকে বৃহস্পতিবার সংবর্ধনা দিল নকশালবাড়ি ব্লক-১ তৃণমূল যুব কংগ্রেস। বাগডোগরা গুড শেফার্ড স্কুলের ছাত্র অভিষেকের বাড়ি বাগডোগরা ক্ষুদিরামপল্লিতে। অমলেশ চক্রবর্তী এবং সুব্রতা চক্রবর্তীর ছেলে অভিষেকের এই সাফল্যে সকলেই গর্বিত। শিলিগুড়ি মহকুমা পরিষদের সদস্যা শর্মিষ্ঠা চন্দরায় জানান, অভিষেক ৯৮ শতাংশ নম্বর পেয়ে জেলায় তৃতীয় স্থান পেয়েছে। এজন্য আমরা নকশালবাড়ি ব্লক-১ তৃণমূল যুবর পক্ষ থেকে তাকে সংবর্ধিত করলাম। উপস্থিত ছিলেন তৃণমূল যুব কংগ্রেসের ব্লক সভাপতি পঙ্কজ রায় প্রমুখ।

বাইক দুর্ঘটনায় জখম মহিলা

নকশালবাড়ি, ১৬ মে ঃ বুধবার বিকেলে নকশালবাড়ি থানার বুধকরণ জোতের কাছে বাইক দুর্ঘটনায় জনৈকা দেবী যোশি (৫২) নামে এক মহিলা গুরুতর আহত হলেন। বুধবার বিকেল নাগাদ দাদার বাইকের পিছনে বসে যাচ্ছিলেন দেবী যোশি। হঠাৎ করে তিনি বাইক থেকে পড়ে গিয়ে গুরুতর আহত হন। নকশালবাড়ি গ্রামীণ হাসপাতালে তাঁকে নিয়ে এলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে আশঙ্কাজনক অবস্থায় উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে রেফার করেন। হাসপাতাল সূত্রে জানা যায়, আহত মহিলার মাথায় চোট লেগেছে।

টোটোয় চেপে ভোটের ডিউটি। ছবি ঃ সমীর

কেন্দ্রের প্যাকেজ

চা শিল্পের উন্নয়নে ৩৯৫ কোটি টাকা

নাগরাকাটা, ১৬ মে ঃ চা শিল্পের উন্নয়ন ও প্রসারে ৩৯৫ কোটি টাকার প্যাকেজের অনুমোদন দিল কেন্দ্রীয় সরকার। দেশের চা উৎপাদক রাজ্যগুলির মধ্যে পশ্চিমবঙ্গে উত্তরের ৩২৮টি চা বাগান এর ফলে উপকৃত হবে। প্যাকেজে বিশেষ প্রাধান্য দেওয়া হয়েছে ক্ষুদ্র চা চাষিদেরও। ২০১৭-১৮ থেকে ২০১৯-২০ এই তিন আর্থিক বছরের মধ্যে ওই টাকা খরচ করা হবে।

টি বোর্ড সূত্রেই জানা গিয়েছে, ২০১৭-র ডিসেম্বরে টি বোর্ড তিন বছরের পরিকল্পনা তৈরি করে তা কেন্দ্রীয় সরকারকে পাঠায়। যার পোশাকি নাম মিডিয়াম টার্ম ফ্রেমওয়ার্ক। সম্প্রতি কেন্দ্র তার চূড়ান্ত অনুমোদন দিয়ে দিয়েছে। এজন্য মোট ব্যয়বরাদ্দ ধরা হয়েছে ৩৯৪ কোটি ৮৫ লক্ষ টাকা। যার পুরোটাই চা বাগান, চা শিল্প ও চা বাগানে বসবাসকারী বিশেষ করে তপশিলি জাতি ও উপজাতিদের জন্য খরচ করা হবে। চা মহল জানিয়েছে, মোট সাতটি খাতে ওই টাকা খরচ করা হবে। এর মধ্যে উল্লেখযোগ্য হল বাগিচার উন্নয়ন, তৈরি চায়ের গুণগতমান বৃদ্ধি ও উৎপাদনের বৈচিত্র্য, অভ্যন্তরীণ ও বিদেশের চায়ের বাজার বাড়ানো, চা বাগানের মানবসম্পদ উন্নয়ন, চা গবেষণা, চা শিল্প নিয়ন্ত্রণে জাতীয়স্তরের নানা ধরনের কর্মসূচি ইত্যাদি।

উত্তরবঙ্গের বিভিন্ন চা বাগান কর্তৃপক্ষ জানিয়েছে, কেন্দ্রের এই প্যাকেজে চা তৈরির আধুনিক যন্ত্রপাতি কেনার জন্য ভরতুকি পাওয়া যাবে। এছাড়াও ভরতুকি মিলবে তৈরি চায়ের গুণগতমান বাড়ানোর জন্য টি ব্লেন্ডিং, জাপানি প্রযুক্তির কালার সর্টিং মেশিন, কীটনাশক ছড়ানোর ট্র্যাক্টর নিয়ন্ত্রিত যন্ত্র কেনার মতো নানা ক্ষেত্রে। বিশেষ ধরনের যেমন গ্রিন বা জৈব চা উৎপাদনে যাতে বাগানগুলি আরও বেশি করে আগ্রহী হয় সেজন্য ফ্যাক্টরির সম্প্রসারণ ও যন্ত্র কেনার জন্য ৪০ শতাংশ ভরতুকি দেওয়ার কথাও কেন্দ্র জানিয়েছে। চা বাগানের বাসিন্দাদের শিক্ষা, স্বাস্থ্য, বৃত্তিমূলক প্রশিক্ষণের ওপর এবার জোর দেওয়া হয়েছে। টি বোর্ডের পক্ষ থেকে বাগানের এসসি-এসটি শ্রমিক ও কর্মচারী পরিবারের ছাত্রছাত্রীদের জন্য 'নেহরু পুরস্কার' নামে যে আর্থিক অনুদান দেওয়ার চল আছে তা আগামী তিন বছরের জন্য তিনগুণ বাড়ানো হয়েছে। নতুন পরিকল্পনা অনুযায়ী, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে ন্যূনতম ৬০ শতাংশ নম্বর নিয়ে উত্তীর্ণ ছেলেমেয়েদের এককালীন বার্ষিক বৃত্তি ৮ ও ১০ হাজার টাকা করে দেওয়া হবে। যা আগে ছিল যথাক্রমে ২ ও ৩ হাজার টাকা।

চা মালিকদের অন্যতম সংগঠন টি অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়ার ডুয়ার্স শাখার সম্পাদক রামঅবতার শর্মা বলেন, 'এই প্যাকেজকে আমরা স্বাগত জানাচ্ছি।' ক্ষুদ্র চা চাষিদের সর্বভারতীয় সংগঠন কনফেডারেশন অফ স্মল টি গ্রোয়ার্স অ্যাসোসিয়েশনের (সিস্টা) সভাপতি বিজয়গোপাল চক্রবর্তী বলেন, 'নতুন পরিকল্পনায় উত্তরবঙ্গের ৪০ হাজার চাষি সহ গোটা দেশের আড়াই লক্ষ ক্ষুদ্র চাষি উপকৃত হবেন।' টি বোর্ডের শিলিগুড়ি জোনের উপনির্দেশক রমেশ কুজুর বলেন, '২০১৭-র ২৯ ডিসেম্বর থেকে নতুন পরিকল্পনাটি কার্যকর হবে। চা শিল্পের উন্নয়নে ওই প্যাকেজ বা আর্থিক বরাদ্দ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।'

দুষ্কৃতীদের দায়ের কোপে ধরাশায়ী শতাধিক গাছ

চালসা, ১৬ মে ঃ শতাধিক মূল্যবান গাছ কেটে ফেলল দুষ্কৃতীরা। ঘটনায় এলাকায় ক্ষোভ ছড়িয়েছে। ঘটনাটি মেটেলি ব্লকের বাতাবাড়ি এলাকার একটি বেসরকারি রিসর্টের মধ্যে হয়েছে। জানা যায়, ওই রিসর্ট চত্বরে প্রায় তিনবছর আগে বহু মূল্যবান গাছ লাগায় রিসর্ট কর্তৃপক্ষ। এক-একটি গাছের উচ্চতা প্রায় ৮/৯ ফুট হয়েছে। বুধবার সকালে রিসর্টের কর্মীরা ওই বাগানে গিয়ে দেখেন যে বাগানের সব গাছ কাটা অবস্থায় পড়ে রয়েছে। বেশ কয়েকটি গাছ শুকিয়েও গেছে। রিসর্টের কর্মী মলয় মিত্র বলেন, বুধবার সকালে বাগানে গিয়ে দেখি সব গাছ কাটা অবস্থায় নীচে পড়ে রয়েছে। বহু মূল্যবান ফলের গাছ ছিল বাগানে। ছিল আম, ডালিম, পেয়ারা, তেজপাতা ইত্যাদি গাছ। মঙ্গলবার রাতেই দুষ্কৃতীরা ওই গাছগুলোকে কেটেছে বলে অনুমান করেন তিনি। কে বা কারা এই গাছগুলো কাটল তা নিয়ে অবশ্য কিছু বলতে পারেননি তিনি। এদিনই বিষয়টি তিনি লিখিতভাবে মেটেলি থানায় জানান। শতাধিক কচি গাছ কাটার ফলে স্বাভাবিকভাবেই ক্ষুব্ধ পরিবেশপ্রেমীরাও। চালসার পরিবেশপ্রেমী মানবেন্দ্র দেসরকার বলেন, গাছ লাগানোর জন্য যেখানে সরকারি তরফে কোটি কোটি টাকা খরচ করে প্রচার করা হচ্ছে সেখানে একসঙ্গে শতাধিক গাছ কেটে ফেলল দুষ্কৃতীরা। ঘটনার তদন্ত করে দোষীদের কঠোর শাস্তির দাবি জানিয়েছেন তিনি। মেটেলি থানার ওসি প্রবীর দত্ত বলেন, 'অভিযোগ পেয়েছি। ঘটনার তদন্ত করা হবে।'

ধর্ষণে অভিযুক্তর ১৪ দিনের জেল হেপাজত

খড়িবাড়ি, ১৬ মে ঃ খড়িবাড়ি থানঝোরা চা বাগানের এক আদিবাসী প্রতিবন্ধী কিশোরীকে ধর্ষণের অভিযোগে ধৃত গণেশ বড়াইকের ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দিল শিলিগুড়ি মহকুমা আদালত। ধৃতকে বুধবার শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হলে ওই নির্দেশ দেন বিচারক। মঙ্গলবার ওই কিশোরীর মা খড়িবাড়ি থানায় তাঁর এক নিকট আত্মীয়ের বিরুদ্ধে অভিযোগ করেন। শনিবার দুপুরে ঘটনার পর পালিয়ে যায় অভিযুক্ত। মেয়ের কাছ থেকে সব শুনে মঙ্গলবার পরিবারের পক্ষ থেকে অভিযোগ দায়ের করা হয়। সেইদিন সন্ধ্যায় খড়িবাড়ি পুলিশ গোপন সূত্রে খবরের ভিত্তিতে অভিযুক্ত গণেশ বড়াইককে গ্রেফতার করে। বুধবার সকালে ধৃতকে শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হয়। খড়িবাড়ি থানার ওসি শমীক চট্টোপাধ্যায় জানান, অভিযুক্তকে এদিন শিলিগুড়ি আদালতে তোলা হলে বিচারক অভিযুক্তকে ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দেন। এদিকে, এদিন ওই প্রতিবন্ধী কিশোরীকে ডাক্তারি পরীক্ষার জন্য উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠানো হয়।

হোমেই রয়েছে নাবালিকা

শিলিগুড়ি, ১৬ মে ঃ গত ১০ মে এনজেপি থানার বকরাভিটা এলাকার বিজেপি নেতা অলোক সেনের বাড়ি থেকে নাবালিকাকে তুলে নিয়ে যাওয়ার ঘটনা ঘটে। সুস্মিতা কৌশিক নামে এক মহিলার অভিযোগের ভিত্তিতে ওই নাবালিকাকে তুলে নিয়ে যায় এনজেপি থানার পুলিশ। অলোক সেন ও সুস্মিতা কৌশিক, দু-পক্ষই ওই নাবালিকাকে নিজের মেয়ে বলে দাবি করেছেন। কিন্তু ওই নাবালিকা আদতে কার মেয়ে তা এখনও পর্যন্ত জানা যায়নি। ফলে বিগত ছয় দিন ধরে সরকারি হোমেই থাকতে হচ্ছে তাকে। বন্ধ হয়ে গিয়েছে তার পড়াশোনা। জানা গিয়েছে, সে কলকাতার একটি নামি বেসরকারি ইংরেজিমাধ্যম স্কুলে পড়াশোনা করত। অলোক সেনের কলকাতার বাড়িতেই থাকত সে। কিন্তু বর্তমানে সরকারি হোমে থাকতে হচ্ছে ওই নাবালিকাকে। কিছুদিন আগেই বিষয়টির প্রতিবাদ জানিয়েছিলেন অলোক সেনের আইনজীবী। বিষয়টি নিয়ে তাঁরা সিডব্লিউসি-কে চিঠিও দিয়েছিলেন। সূত্রের খবর, অলোক সেনের কাছে ফেরার জন্যে দিনভর কেঁদেই চলেছে ওই নাবালিকা। দিনভর কান্নাকাটি করতে করতে অসুস্থও হয়ে পড়েছে সে। অন্যদিকে, নাবালিকার পড়াশোনা বন্ধ হয়ে যাওয়ায় তাঁর ভবিষ্যৎ কী হবে, তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। এই টানাপোড়েনের জেরে ১৩ বছরের ওই নাবালিকা নিজের মৌলিক অধিকার থেকে বঞ্চিত হচ্ছে বলে মনে করছেন বিদ্বজ্জনদের একাংশ।

মজুরি না পেয়ে বিক্ষোভ ৩ চা বাগানে

নাগরাকাটা, ১৬ মে ঃ কোথাও শ্রমিকদের পথ অবরোধ, আবার কোথাও কাজেই গেলেন না তাঁরা। মজুরি না পাওয়া শ্রমিকদের বিক্ষোভ ও প্রতিবাদ আন্দোলনে বুধবার দিনভর এভাবেই উত্তাল হয়ে রইল ডানকানস গোষ্ঠী পরিচালিত ডুয়ার্সের তিনটি চা বাগান। মাল মহকুমার বাগ্রাকোট, নাগেশ্বরী ও কিলকোট চা বাগানের শ্রমিকরা এদিন একযোগে মালিক পরিবর্তনের দাবিতে সরব হন। বিকেলের দিকে বকেয়া থাকা মজুরির একাংশ শ্রমিকদের দেওয়ার কাজ শুরু হয় বলে তিনটি বাগান সূত্রে খবর। নতুন করে ডানকানসের বাগানগুলিতে মজুরি নিয়ে মালিকপক্ষের ধারাবাহিক টালবাহানা দেখে ঘরপোড়া শ্রমিকরা ২০১৫ সালের সংকটের ছায়া দেখতে শুরু করেছেন।

বাগানগুলির শ্রমিকরা জানিয়েছেন, তাঁদের চলতি মাসের ১৫ তারিখ পর্যন্ত ছয় সপ্তাহের মজুরি বকেয়া। তার মধ্যে তিন সপ্তাহের পাওনা মেটানোর কথা ছিল মঙ্গলবার। অথচ এদিন মজুরির টাকা আর মিলবে কিনা তা নিয়ে বাগান পরিচালকদের কাছ থেকে কোনো সাড়াশব্দ না পেয়ে ক্ষিপ্ত শ্রমিকরা আন্দোলনে নেমে পড়েন। বাগ্রাকোট চা বাগানের কয়েকশো শ্রমিক সকাল ৯টা থেকে ৩১সি জাতীয় সড়ক অবরোধ করেন। দুপুর ১টা পর্যন্ত জাতীয় সড়ক অবরুদ্ধই থাকে। দুপাশে গাড়ির লাইন পড়ে যায়। পরে প্রশাসনিক আশ্বাস মেলায় দুপুর ১ টা নাগাদ অবরোধ ওঠে। রাস্তা অবরোধের আগে বাগ্রাকোটের শ্রমিকরা সেখানকার ফ্যাক্টরিও ঘেরাও করেন। মেটেলি ব্লকের নাগেশ্বরী বা কিলকোট চা বাগানের শ্রমিকরা পথে না নামলেও তাঁদের কেউ এদিন কাজে যাননি। সূত্রের খবর, ডানকানসের তরাইয়ের গঙ্গারাম ও পাহাড়ের রংলি রংলিয়ট চা বাগানেও শ্রমিকদের ছয় সপ্তাহের মজুরি বকেয়া রয়েছে। মাল মহকুমার তিনটি বাগানে আগে মাসিক ভিত্তিতে মজুরি দেওয়া হলেও এখন অগ্রিম হিসাবে প্রতি সপ্তাহে কিছু টাকা শ্রমিকদের হাতে তুলে দেওয়া হয়। প্রতি মাসের তিন সপ্তাহ অগ্রিম বা চা বাগানের পরিভাষায় আনাজপাতি কেনার খরচা দেওয়ার পর মাসের শেষ সপ্তাহে আগেকার প্রদেয় টাকা বাদ দিয়ে বাকি প্রাপ্য মেটানো হয়। গত কয়েক সপ্তাহ ধরে তা আর মিলছে না। তিন বাগান সূত্রেই জানা গিয়েছে, ডানকানস কর্তৃপক্ষ গত শনিবার তাদের সব বাগানের ম্যানেজারদের ই-মেল করে জানিয়েছিল তিন সপ্তাহের বকেয়া মজুরি ১৫ তারিখ দেওয়া হবে। শ্রমিকদেরও সে কথা জানানো হয়। অথচ এদিনও মজুরি পাওয়া নিয়ে কারও কাছ থেকে কোনো সাড়াশব্দ না মেলায় শ্রমিক অসন্তোষ ছড়িয়ে পড়ে। মোবাইলে বারবার চেষ্টা করেও যোগাযোগ হয়নি নাগেশ্বরীর ম্যানেজার শুভঙ্কর ভুজেল, বাগ্রাকোটের ম্যানেজার জয় মুখোপাধ্যায় বা কিলকোটের শ্যামল মুখোপাধ্যায়ের সঙ্গে। গঙ্গারাম বাগানের সিনিয়র সহকারী ম্যানেজার প্রলয়প্রতিম বসু বলেন, 'তিন সপ্তাহের মজুরির টাকা সব বাগানের ম্যানেজাররাই এদিন ব্যাংক থেকে তুলেছেন। নাগেশ্বরী, কিলকোট ও বাগ্রাকোটে তা এদিনই তুলে দেওয়া হচ্ছে। গঙ্গারামে বৃহস্পতিবার দেওয়া হবে।'

আজ ত্রিস্তর নিরাপত্তার মধ্যে ভোটগণনা হবে জলপাইগুড়িতে

দিব্যেন্দু সিনহা

জলপাইগুড়ি, ১৬ মে ঃ ত্রিস্তর নিরাপত্তার মধ্যে বৃহস্পতিবার ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের গণনা শুরু করা হবে। জেলার সাতটি ব্লকের সাতটি গণনাকেন্দ্রে মোট ৪,৫০৭ জন প্রার্থীর ভাগ্যনির্ধারণ করা হবে। জলপাইগুড়ি জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, আগামীকাল সকাল আটটা থেকে গণনার কাজ শুরু করা হবে। গণনা শুরু করা হবে ইডি ভোটগণনার মধ্যে দিয়ে। এদিকে জলপাইগুড়ির পুলিশ সুপার অমিতাভ মাইতি জানিয়েছেন, প্রতিটি গণনাকেন্দ্রে ১০০ থেকে ১২০ জন পুলিশকর্মী রাখা হচ্ছে। এছাড়া সিভিক ভলান্টিয়ার থাকবে। বসানো হচ্ছে মেটাল ডিটেকটর। অন্যদিকে, জেলা প্রশাসনের পক্ষ থেকে গণনাকেন্দ্রের ২০০ মিটারের মধ্যে ১৪৪ ধারা জারি করা হয়েছে বলে জেলাশাসক শিল্পা গৌরী সারিয়া জানিয়েছেন।

জলপাইগুড়ি জেলা প্রশাসন সূত্রে পাওয়া খবরে জানা গিয়েছে, পঞ্চায়েত নির্বাচনে জেলার ৮০টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে মোট ১৫৯৪টি বুথের ভোটগণনার কাজ হবে আগামীকাল। এবারের নির্বাচনে জেলায় ৪,৫০৭ জন প্রার্থীর মধ্যে গ্রাম পঞ্চায়েতে প্রতিদ্বন্দ্বিতা করেছেন ৩,৬৬৭ জন, পঞ্চায়েত সমিতিতে ৭৩৮ জন এবং জেলাপরিষদে প্রতিদ্বন্দ্বিতা করেছেন ১০২ জন। জানা গিয়েছে, ইতিমধ্যে ভোটগণনার চূড়ান্ত প্রস্তুতি শেষ করা হয়েছে। জেলার মাল মহকুমা এলাকার মাল ব্লকের ভোটগণনা সুভাষিণী উচ্চবালিকা বিদ্যালয়ে হবে। মোট ১৩টি ঘরে ১২৪টি টেবিলে গণনার কাজ করবেন ৩৭৮ জন গণনাকর্মী। মেটেলি ব্লকের গণনার কাজ করা হবে মালের পরিমল মিত্র স্মৃতি মহাবিদ্যালয়ে, এখানে পাঁচটি ঘরে ৫২টি টেবিলে ১৭৪ জন গণনাকর্মী গণনার কাজ করবেন। নাগরাকাটা ব্লকে গণনার কাজ করা হবে নাগরাকাটা উচ্চবিদ্যালয়ে। জানা গিয়েছে, এই ব্লকে গণনার কাজে অংশ নিচ্ছেন ১৫৯ জন কর্মী। পাঁচটি ঘরে ৫৩টি টেবিলে গণনার কাজ শেষ করা হবে।

এদিকে, জলপাইগুড়ি সদর মহকুমার সদর ব্লকের গণনার কাজ করা হচ্ছে পলিটেকনিক কলেজে। এখানে ১০টি ঘরে মোট ৩২টি টেবিলে ৪৫০ জন কর্মী গণনার কাজ করবেন। অন্যদিকে, রাজগঞ্জ ব্লকের ভোটগণনার জন্য ব্যবহার করা হচ্ছে রাজগঞ্জ এম এন উচ্চবিদ্যালয়কে। এই কেন্দ্রে ১৫টি ঘরে ১৩৮টি টেবিলে ৬০০ কর্মী গণনার কাজ শেষ করবেন। ময়নাগুড়ি ব্লক বিডিও জানিয়েছেন, ময়নাগুড়ি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে গণনার কাজ করা হবে। সেখানে ১৬টি ঘরে ১৩৯টি টেবিলে ৪২৫ জন কর্মী ভোটগণনা করবেন। অন্যদিকে, ধূপগুড়ি ব্লকের গণনার কাজ করা হবে গয়েরকাটা উচ্চবিদ্যালয়ে। এখানে ১৭টি ঘরের ১৫৩ টি টেবিলে গণনার কাজ করবেন ৬৫০ জন গণনাকর্মী।

এদিকে, প্রতিটি গণনাকেন্দ্রে ত্রিস্তরীয় নিরাপত্তার ব্যবস্থা রাখা হচ্ছে বলে জেলা পুলিশ সুপার অমিতাভ মাইতি জানিয়েছেন। তিনি বলেন, গণনাকেন্দ্রগুলিতে ১০০ থেকে ১২০ জন পুলিশকর্মীকে মোতায়েন করা হবে। এদের মধ্যে ৫০ শতাংশ সশস্ত্র পুলিশ থাকবেন। এছাড়া ১৫০ জন সিভিক ভলান্টিয়ারকে রাখা হবে। গণনাকেন্দ্রে ঢোকার মুখেই বসানো হবে মেটাল ডিটেকটর। এছাড়া গণনাকেন্দ্রগুলিকে তিনটি বলয়ে ঘিরে রাখা হবে। আগামীকাল নিরাপত্তাব্যবস্থা তিনি নিজে মনিটরিং করবেন বলে জানান পুলিশ সুপার। সেইসঙ্গে তিনি বলেন, নির্বাচন কমিশনের নির্দেশ অনুসারে ১৭ তারিখ পর্যন্ত কোনো রাজনৈতিক দলকে বিজয় মিছিলের জন্য অনুমতি দেওয়া হবে না।

পাচার হওয়ার আগে পাঁচ কিশোর উদ্ধার, গ্রেফতার দুই

কোচবিহার, ১৬ মে ঃ পাচার হওয়ার হাত থেকে পাঁচজন কিশোরকে উদ্ধার করল রেলওয়ে প্রোটেকশন ফোর্স (আরপিএফ)। উত্তর-পূর্ব সীমান্ত রেলের রঙ্গিয়া রেলস্টেশন থেকে সোমবার তাদের উদ্ধার করা হয়। ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে দুই পাচারকারীকেও গ্রেফতার করা হয়েছে। রেলসূত্রে জানা গিয়েছে, গোপন সূত্রে খবর পেয়ে রঙ্গিয়া স্টেশন থেকে এদের উদ্ধার করা হয়। এদের ভিনরাজ্যে নিয়ে যাওয়া হচ্ছিল পাচারের জন্য বলে জানা গিয়েছে। উল্লেখ্য, ২০১৭ সালে ৫১৫ জন কিশোরকে আরপিএফ উদ্ধার করেছে। সেইসঙ্গে ১১ জন পাচারকারীকে গ্রেফতার করা হয়েছে। চলতি বছর এ পর্যন্ত ১৭০ জন উদ্ধার হয়েছে বিভিন্ন রেলস্টেশন থেকে। বুধবার উত্তর-পূর্ব সীমান্ত রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক প্রণবজ্যোতি শর্মা এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এই খবর জানান।

মালবাজারে ডেঙ্গু দিবস পালিত

মালবাজার, ১৬ মে ঃ বুধবার জাতীয় ডেঙ্গু দিবস উপলক্ষ্যে মাল ব্লকে ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি সহ নানা কর্মসূচি হল। মাল ব্লকের বিএমওএইচ প্রিয়াঙ্কু জানা বলেন, 'ব্লকের ৫১টি সাব সেন্টার, হাসপাতালে ডেঙ্গু সচেতনতায় বিভিন্ন কর্মসূচি হয়েছে। স্বাস্থ্যকর্মী সহ অন্যরা এইসব কর্মসূচিতে শামিল হয়েছিলেন। মশারি টাঙিয়ে ঘুমোনো, জল না জমানো, এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা ইত্যাদি নিয়ে আলোচনা চলে। এলাকায় সাফাই অভিযানও হয়।'

-সংবাদ নিউজ সার্ভিস

বিজেপির দাবি

জলপাইগুড়ি, ১৬ মে ঃ শাসকদলের বিরুদ্ধে সন্ত্রাস, ছাপ্পা ভোট এবং বুথ দখলের অভিযোগ থেকে পিছু হটছে না জলপাইগুড়ি জেলা বিজেপি। এর প্রতিবাদে ভোটগণনার পরেই জেলাজুড়ে আন্দোলনের পথে হাঁটার পাশাপাশি আইনের সাহায্যও নেওয়া হবে বলে বিজেপির বক্তব্য। এদিন দলের জেলা সভাপতি দেবাশিস চক্রবর্তী বলেন, 'যেভাবে শাসকদল পঞ্চায়েত নির্বাচন করল তা আগে কখনও এই জেলায় দেখা যায়নি। এই কারণে ভোটগণনার পরেই দলের পক্ষ থেকে আন্দোলনের পথে হাঁটার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।'

বিশেষ ট্রেন

শিলিগুড়ি, ১৬ মে ঃ এনজেপি থেকে হাওড়া পর্যন্ত সামার স্পেশাল ট্রেন চালু করার সিদ্ধান্ত নিয়েছে উত্তর-পূর্ব সীমান্ত রেল। ২৩ মে থেকে ২৭ জুন পর্যন্ত প্রতি বুধবার করে চলবে এই সামার স্পেশাল ট্রেন। বুধবার একটি প্রেস বিবৃতি দিয়ে বিষয়টি জানিয়েছেন উত্তর-পূর্ব সীমান্ত রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক প্রণবজ্যোতি শর্মা।

ভরা মরশুমে পর্যটকদের হেনস্তার অভিযোগ

সানি সরকার

শিলিগুড়ি, ১৬ মে ঃ পাহাড়ে পর্যটকদের ঢল নামতেই হেনস্তা-হয়রানির অভিযোগ ওঠা শুরু হল। গাড়ি থেকে হোটেল, অতিরিক্ত টাকা আদায়ের অভিযোগ তো ছিলই। সঠিক সার্ভিস না দিয়ে বেশি টাকা নেওয়ার অভিযোগ উঠছে টুর অপারেটরদের বিরুদ্ধেও। এমনকি হোটেলে রাখার ক্ষেত্রে নির্দিষ্ট টাকা থেকে বেশি নেওয়া হয়েছে বলেও অভিযোগ। এমনই অভিযোগ পৌঁছেছে রাজ্যের পর্যটন দপ্তরে। যাঁদের বিরুদ্ধে অভিযোগ উঠেছে, তাঁদের পর্যটন দপ্তরের কর্তারা সতর্ক করে দিয়েছেন বলে সংশ্লিষ্ট দপ্তর সূত্রেই খবর।

পৃথক রাজ্য গোর্খাল্যান্ডের দাবিকে সামনে রেখে গত বছর গ্রীষ্মের পর্যটন মরশুমে রাজ্য সরকার বিরোধী আন্দোলনে অগ্নিগর্ভ হয়ে উঠেছিল পাহাড়। মোর্চার ফতোয়ায় ৮ জুন রাতে দার্জিলিং থেকে সমতল শিলিগুড়িতে নেমে আসেন আতঙ্কগ্রস্ত পর্যটকরা। বিরামহীন ১০৪ দিনের বন্‌ধের জেরে পাহাড়ে ওঠার সাহস আর কেউ দেখাননি। এমনকি বন্‌ধ প্রত্যাহার হলেও পুজোর মরশুমেও কার্যত খাঁখাঁ করেছে ম্যাল। যার জেরে চরম ক্ষতি হয়েছে পর্যটন শিল্পের সঙ্গে যুক্তদের। বর্তমান সময়ে কিছুটা হলেও স্বাভাবিক ছন্দে ফিরেছে শৈলরানি। পাহাড়ে ফের ঢল নেমেছে পর্যটকদের। ইতিমধ্যেই আশি শতাংশ হোটেল বুকিং হয়ে গিয়েছে বলে জানা গিয়েছে। এরই মধ্যে পর্যটকদের কাছ থেকে বেশি টাকা আদায়ের অভিযোগ উঠেছে কয়েকজন টুর অপারেটরের বিরুদ্ধে। শুধু হোটেলের নির্দিষ্ট করা রেটের থেকে বেশি টাকা আদায় নয়, সার্ভিস না দিয়েই টাকা আদায়ের অভিযোগও উঠেছে। পর্যটক হেনস্তা, বেশি টাকা আদায়ের অভিযোগ থাকলেও, ঝামেলা এড়াতে অনেক পর্যটকই অভিযোগ দায়ের করেন না বলে জানা গিয়েছে। কিন্তু হোটেল সংক্রান্ত অভিযোগ দায়ের হয়েছে পর্যটন দপ্তরে। এক পর্যটক গোটা বিষয়টি লিখিতভাবে জানিয়েছেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কেও। পর্যটন দপ্তরের ডেপুটি ডিরেক্টর সম্রাট চক্রবর্তী জানান, অভিযোগ পাওয়ার পরই বিষয়টি খতিয়ে দেখা হয়েছে। সংশ্লিষ্ট টুর অপারেটরের কাছে গোটা ঘটনা জানতে চাওয়া হয়েছে। জানা গিয়েছে, যাঁর বিরুদ্ধে অভিযোগ উঠেছে, তাঁকে সতর্ক করে দেওয়া হয়েছে।

পর্যটন শিল্পের সঙ্গে যুক্ত অনেকের বক্তব্য, এ ধরনের অভিযোগ নতুন কিছু নয়। যার জন্য প্রতিবছরই মরশুম শুরু হওয়ার আগে পর্যটন এবং প্রশাসনিক কর্তাদের পাশাপাশি মনিটরিং কমিটির মিটিং হয়। কিন্তু পঞ্চায়েত নির্বাচনের জন্য এ বছর কোনো বৈঠকই হয়নি। ফলে অভিযোগ দিন দিন বাড়ছে। ইস্টার্ন হিমালয়ান ট্রাভেলস অ্যান্ড টুর অপারেটর্স অ্যাসোসিয়েশনের সভাপতি দেবাশিস মৈত্রের বক্তব্য, 'সংগঠনের সদস্যদের বিরুদ্ধে অভিযোগ উঠলে অবশ্যই ব্যবস্থা নেওয়া হয়। কিন্তু বাইরের কেউ হলে কঠোর ব্যবস্থাটা নিতে হবে প্রশাসনকে।'

গরমে স্বস্তির ঝাঁপ। শিলিগুড়িতে সূত্রধরের ক্যামেরায়।

বিমানবন্দরে চাকরির নামে প্রতারণাচক্র ফাঁস, ধৃত ৩

বাগডোগরা, ১৬ মে ঃ বাগডোগরা বিমানবন্দরে বিভিন্ন বিমান সংস্থায় চাকরি দেওয়ার নাম করে লক্ষ লক্ষ টাকা প্রতারণা করার অভিযোগ উঠল একটি চক্রের বিরুদ্ধে। পুলিশ ওই চক্রের তিন পান্ডাকে জিজ্ঞাসাবাদের জন্য নিজেদের হেপাজতে রেখেছে। প্রতারিতরা লিখিত অভিযোগ করলে ওই ব্যক্তিদের বিরুদ্ধে আইন অনুসারে ব্যবস্থা নেওয়া হবে।

বাগডোগরা বিমানবন্দরে বিভিন্ন বিমান সংস্থায় এবং এয়ারপোর্ট অথরিটিতে চাকরি দেওয়ার নাম করে বেকার যুবক-যুবতিদের প্রতারিত করার একটি চক্র দীর্ঘদিন ধরেই সক্রিয় হয়ে রয়েছে। অথচ প্রতারিতরা লক্ষ লক্ষ টাকা প্রতারিত হয়েও পুলিশের কাছে কোনো লিখিত অভিযোগ না করায় পুলিশও কোনো ব্যবস্থা নেয়নি। বিমানবন্দর কর্তৃপক্ষও কোনো অভিযোগ করেনি। ফলে প্রতারণাচক্রটি তাদের কাজ অবাধে করে চলছিল। বুধবার অর্ড চা বাগানের সনজিত ওরাওঁ নামে এক যুবকের আত্মীয়া ভুয়ো নিয়োগপত্র নিয়ে এসে বাগডোগরা বিমানবন্দর ফাঁড়ির পুলিশ এবং বিমানবন্দর কর্তৃপক্ষকে জানান যে তাঁর আত্মীয় সনজিতের কাছে চাকরি দেওয়ার নাম করে প্রতারকরা ৬০ হাজার টাকা নেয়। গত জানুয়ারি মাসে চাকরির নিয়োগপত্র দেওয়া হলেও বিমানবন্দরে এসে তাঁরা বুঝতে পারেন যে প্রতারিত হয়েছেন। বুধবার দুপুরে ওই প্রতারণাচক্রের এক পান্ডাকে ফোন করে বিমানবন্দরে আসতে বলা হলে ওই ব্যক্তি বিমানবন্দরে আসার পরেই তাকে আটক করা হয়। ওই ব্যক্তি আরও দুজনের নাম বলে। পুলিশ আটক ব্যক্তিকে দিয়েই ওই দুজনকে ফোন করিয়ে ডেকে এনে ওই দুজনকেও আটক করে। ধৃতরা চাকরি দেওয়ার নামে যে টাকা নিয়েছে তা পুলিশের কাছে স্বীকার করেছে। শুধু তাই নয়, নিয়োগপত্রের সঙ্গে এয়ারপোর্ট অথরিটির লোগো জাল করে বিমানবন্দরে প্রবেশের পাসও তৈরি করে দিয়েছে, যে পাস ঘিরে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। কারণ বিমানবন্দরের মতো স্থানে জাল পাস দিয়ে ভিতরে যদি কেউ প্রবেশ করে তবে নিরাপত্তা বিঘ্নিত হওয়ার আশঙ্কা থাকে। বিমানবন্দরের প্রধান নিরাপত্তা আধিকারিক চন্দ্র রাজ বলেন, 'বিষয়টি নিয়ে আমিও পুলিশে অভিযোগ করব। কারণ হাই সিকিউরিটি এলাকার জন্য জাল পাস কারা তৈরি করছে তা দেখতে হবে।' প্রতারিত যুবকদের মধ্যে রয়েছে হাতিঘিসার অরুণ তাঁতি, বাতাসির তপন সিংহ সহ বহু যুবক-যুবতি। প্রতারিতরা জানান, আমাদের অভিভাবকদের খবর দিয়েছি। তাঁরা এলে লিখিত অভিযোগ করবেন। পুলিশ জানিয়েছে, তিনজনকে হেপাজতে নেওয়া হয়েছে। অভিযোগ পেলেই ব্যবস্থা নেওয়া হবে।

পথ দুর্ঘটনায় শিশুর মৃত্যু

করণদিঘি, ১৬ মে ঃ বাইক থেকে পড়ে ট্রাকের চাকায় পিষ্ট হয়ে মৃত্যু হয়েছে একটি শিশুর। পুলিশ জানিয়েছে, মৃতের নাম মুজফ্‌ফর আলি (১০)। তার বাড়ি বিহারের বলরামপুর থানা এলাকায়। বুধবার দুপুরে করণদিঘি থানার অদূরে করণদিঘি হাইস্কুলের সামনে ৩৪ নম্বর জাতীয় সড়কে দুর্ঘটনাটি ঘটে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মুজফ্‌ফর তার ভগ্নীপতির বাইকের পেছনে বসে করণদিঘি থানা এলাকার শিসটোল গ্রামে আসছিল পারিবারিক অনুষ্ঠানে যোগ দিতে। করণদিঘি হাইস্কুল মোড়ের কাছে একটি দশ চাকার ট্রাক বাইককে ধাক্কা মারলে সে ছিটকে ওই ট্রাকের চাকার নীচে পড়ে যায়।

দুর্ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। পুলিশ ট্রাক ও চালককে আটক করেছে। এদিকে, দুর্ঘটনার জেরে ৩৪ নম্বর জাতীয় সড়কে যানজটের সৃষ্টি হয়। দোমোহনা থেকে টুঙ্গিদিঘি পর্যন্ত গাড়ির লাইন পড়ে যায়। পরে অবশ্য যান চলাচল স্বাভাবিক হয়ে যায়।

শিক্ষাকর্মী সমিতির সভা

শিলিগুড়ি, ১৬ মে ঃ বুধবার উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের কলাভবনে অনুষ্ঠিত হল শিক্ষাকর্মী সমিতির প্রথম বার্ষিক সভা। সভায় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের আর্টস ফ্যাকাল্টির ডিন সঞ্চারী মুখোপাধ্যায়, বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন কর্মী নেতা দেবীপ্রসাদ বুট প্রমুখ। এদিনের সভায় সমিতির সমস্ত সদস্য এবং কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সংগঠনের সাধারণ সম্পাদক লালন চৌধুরি বলেন, 'দীর্ঘদিন পর প্রশাসনিক অচলাবস্থা কাটিয়ে বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক পরিবেশ ফিরে এসেছে। আটকে থাকা বিভিন্ন কাজ সম্পন্ন হচ্ছে। তবে এখনও একটি অসাধুচক্র বিশ্ববিদ্যালয়ের পরিবেশকে আবার জটিল করার চক্রান্ত করছে। আজকের সভা থেকে বিশ্ববিদ্যালয়ের সুস্থ পরিবেশ বজায় রাখার শপথ নেওয়া হয়েছে।'

নয়ানজুলিতে ছোটো গাড়ি পড়ে আহত ৩

মৌলানি, ১৬ মে ঃ নিয়ন্ত্রণ হারিয়ে নয়ানজুলিতে উলটে গেল একটি ছোটো গাড়ি। গাড়ির তিনজন আরোহী গুরুতর আহত হয়েছেন। স্থানীয়রা তাঁদের উদ্ধার করে ভরতি করান মাল সুপার স্পেশালিটি হাসপাতালে। বুধবার বিকেলে দুর্ঘটনাটি ঘটেছে ময়নাগুড়ি-মালবাজার ৩১ নম্বর জাতীয় সড়কের মৌলানি খালের কাছে। জানা যায়, মালবাজারের সোনগাছির বাসিন্দা স্বপন দে (৪৭) স্ত্রী সঞ্চিতা (৪১) এবং ভাইঝি পলি (২৩) কে নিয়ে নিজের গাড়ি চালিয়ে জলপাইগুড়ি থেকে মালবাজার ফিরছিলেন। মৌলানি খালের কাছে আচমকা গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে নয়ানজুলিতে পড়ে যায়। এরপর স্থানীয়রাই তাঁদের উদ্ধার করে মালবাজার সুপার স্পেশালিটি হাসপাতালে পাঠান। সেখানেই তাঁদের চিকিৎসা চলছে।

বেঙ্গল সাফারিতে আহত মহিলা

শিলিগুড়ি, ১৬ মে ঃ বেঙ্গল সাফারিতে ঘুরতে গিয়ে আহত হলেন এক মহিলা। জানা গিয়েছে, বুধবার সাফারিতে ঘুরতে এসেছিলেন ওই মহিলা। একটি গাছের নীচে দিয়ে যাওয়ার সময় আচমকাই ওই গাছের একটি ডাল ভেঙে তাঁর মাথায় পড়ে। গুরুতর জখম অবস্থায় ওই মহিলাকে শিলিগুড়ির একটি নার্সিংহোমে ভরতি করা হয়েছে।

বিবাদে উত্তেজনা

শিলিগুড়ি, ১৬ মে ঃ আঠারোখাই সর্বজনীন খেলার মাঠ নিয়ে বিবাদের জেরে বুধবার রাতে উত্তেজনা ছড়াল স্থানীয় এলাকায়। মাঠটির একাংশ তাঁদের বলে কিছুদিন ধরে দাবি করে আসছিলেন স্থানীয় বাসিন্দা দূর্বা রায় এবং পূর্বা রায়। এদিন সীমানা নির্ধারণ করে তাঁদের তরফে খুঁটি পোঁতাও হয়। সন্ধ্যায় সেই খুঁটি উপড়ে ফেলে স্থানীয় কিছু যুবক। পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে তা সামাল দিতে হয় মাটিগাড়ার পুলিশকে। মাঠটির তদারকি এতদিন ধরে করে আসছে আঠারোখাই গ্রাম পঞ্চায়েত। গ্রাম পঞ্চায়েত প্রধান অসিত নন্দী জানান, ওই দুই মহিলা লিখিতভাবে জমির দাবি করার পরই তিনি পুরো বিষয়টি জানিয়েছেন প্রশাসনিক কর্তাদের।